# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 04-08-2025** **Time: 7.35 AM.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্টে রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘ্যভাতা সংক্রান্ত মূল মামলার আজ শুনানি।

শীর্ষ আদালতের গত ১৬ ই মে-র নির্দেশের বেশ কিছু জায়গায় সংশোধনী চেয়েছে রাজ্য সরকার।

২) আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও হত্যার প্রতিবাদে আগামী ৯ তারিখ নবান্ন অভিযানে অংশ নেবে বিজেপি।

৩) তৃণমূল সংসদীয় দলের চেয়ারপার্সন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দলীয় সাংসদদের সঙ্গে ভার্চুয়াল বৈঠকে বসবেন।

এরাজ্যে বিজেপি সাংসদদের সঙ্গে বৈঠক করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ।

৪) কর্মরত শিক্ষকদের স্কুলে পড়ানোর অভিজ্ঞতা সংক্রান্ত তথ্যে কোনো ভুল থাকলে তা আগামী ১১ ই আগস্ট পর্যন্ত আপডেট করা যাবে বলে স্কুল সার্ভিস কমিশন জানিয়েছে।

৫) প্রবাদপ্রতীম বেতার সম্প্রচারক, নাট্যকার ও অভিনেতা বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের জন্মদিনে আজ তাঁকে স্মরণ করা হচ্ছে।

৬) ডুরান্ড কাপ ফুটবলে আজ মোহনবাগান সুপারজায়ান্ট বিএসএফ-এর বিরুদ্ধে খেলবে।

---------------------------------------------------------------------------------------

সুপ্রিমকোর্টে রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘ ভাতা সংক্রান্ত মূল মামলার শুনানি হবে আজ। বিচারপতি সঞ্জয় কারোল ও বিচারপতি প্রশান্তকুমার মিশ্রের বেঞ্চে এই শুনানি হওয়ার কথা। শীর্ষ আদালত গত ১৬ ই মে বকেয়া মহার্ঘ ভাতার ২৫ শতাংশ ছয় সপ্তাহের মধ্যে রাজ্য সরকারকে মিটিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছিল। পাশাপাশি রাজ্যকে হলফনামা পেশ করে তাদের বক্তব্যও জানাতে বলা হয়েছিল। কিন্তু শীর্ষ আদালতের সেই নির্দেশ পালনের জন্য অতিরিক্ত ৬ মাস সময় চেয়ে রাজ্য সরকার সুপ্রিম কোর্টে স্পেশাল লিভ পিটিশন দায়ের করে। নির্দেশের বেশ কিছু জায়গায় সংশোধনীও চাওয়া হয়েছে।

এদিকে, কর্মচারীদের তরফে রাজ্য সরকারের বিরুদ্ধে আদালত অবমাননার একটি মামলাও করা হয়েছে। ৮ই আগস্ট সেই মামলার শুনানি হওয়ার কথা।

----------------

আরজি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও হত্যার প্রতিবাদে আগামী ৯ই আগস্ট নবান্ন অভিযানে বিজেপি অংশ নেবে বলে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য জানিয়েছেন। গতকাল কলকাতায় তিনি বলেন, এই প্রাতিষ্ঠানিক হত্যাকান্ডে অভয়ার জায়গায় কোনো পুরুষ থাকলে তাঁকেও মরতে হত। তবে অভয়া মহিলা বলে নির্যাতনের শিকার হতে হয়েছে। এই মৃত্যুকে কেন্দ্র করে মানুষ রাজনৈতিকভাবে দলের দ্বারা

প্রভাবিত না হয়েই পথে নেমেছিল। তাই এই প্রতিবাদ আন্দোলন অব্যাহত থাকুক বলে শ্রী ভট্টাচার্য্য মন্তব্য করেন।

বাইট শমীক

উল্লেখ্য, আগামী ৯-ই আগস্ট দলীয় পতাকা ছাড়া নবান্ন অভিযানে অংশ নেওয়ার জন্য বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এবং তৃণমূল কংগ্রেস বাদে সব দলের নেতৃবৃন্দকে আহ্বান জানিয়েছে নির্যাতিতার পরিবার। তদন্তের গতি প্রকৃতি নিয়েও অসন্তোষ ও হতাশা ব্যক্ত করেন তাঁরা।

----------------

সংসদের বাদল অধিবেশনের বাকি দিনগুলিতে দলের কৌশল নির্ধারনে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দলীয় সাংসদদের সঙ্গে বৈঠকে বসছেন। ভার্চুয়াল এই বৈঠকে উপস্থিত থাকার জন্য দলের সব সাংসদকে উপস্থিত থাকতে বলা হয়েছে।

উল্লেখ্য, দলনেত্রী মমতা ব্যানার্জী তৃণমূল সংসদীয় দলের চেয়ার পার্সন। ইন্ডি জোটের অন্যতম শরিক হিসাবে তৃণমূল কংগ্রেস অন্যান্য বিরোধী দলগুলির সঙ্গে কিভাবে কক্ষ সমন্বয় করবে, যৌথ প্রতিবাদে শামিল হওয়ার পন্থা পদ্ধতি নিয়েও সাংসদদের স্পষ্ট বার্তা দিতে, এই বৈঠক বলে রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন।

----------------

বিভিন্ন বিষয় নিয়ে এরাজ্যের বিজেপি সাংসদরা দিল্লীতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহের সঙ্গে আজ বৈঠকে বসছেন। উপস্থিত থাকবেন রাজ্য

বিজেপির সভাপতি তথা রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য। রাজ্যে তৃণমূল কংগ্রেসের মোকাবিলায় পন্থা পদ্ধতি নিয়ে আলোচনা হতে পারে বলে মনে করা হচ্ছে।

----------------

রাজ্যে অবৈধ খনি ও বালি চুরির তদন্তের জন্য বিজেপি সংসদীয় দল কেন্দ্রীয় মন্ত্রী জি কিষাণ রেড্ডির কাছে আর্জি জানাবে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, অবৈধ খনির বিষয়ে তদন্তের জন্য তৃণমূল কংগ্রেস সাংসদ কীর্তি আজাদ, ইডি ও সিবিআই-কে ২৩ শে জুলাই চিঠি দিয়েছিলেন। দলের চাপে পড়ে ৯ দিন পরে তাঁকে ঐ চিঠি প্রত্যাহার করতে হয়েছে। তবে বিষয়টি খতিয়ে দেখার জন্য বিজেপি, কয়লা ও খনিমন্ত্রী জি কিষাণ রেড্ডির কাছে আবেদন জানাবে।

----------------

প্রদেশ কংগ্রেস এর রাজ্যে সাধারন সম্পাদক আশুতোষ চ্যাটার্জির নেতৃত্বে এক প্রতিনিধি দল গতকাল দক্ষিণ কলকাতার রিজেন্ট পার্কে গিয়ে মৃত দিলীপ সাহার আত্মীয় পরিজনদের সঙ্গে কথা বলেন। দিলীপ সাহা র ঝুলন্ত দেহ গতকাল রিজেন্ট পার্ক থেকে উদ্ধার করে পুলিশ। বাংলাদেশে ফিরে যাওয়ার আতঙ্কে তিনি ভুগছিলেন বলে তার পরিবার সূত্রে জানা গেছে। ছিল নার্ভের সমস্যাও।

----------------

কর্মরত শিক্ষকদের স্কুলে পড়ানোর অভিজ্ঞতা সংক্রান্ত তথ্যে কোনো ভুল থাকলে তা ফের আপডেট করা যাবে বলে স্কুল সার্ভিস কমিশন জানিয়েছে। এই মর্মে জারি

হয়েছে বিজ্ঞপ্তি। আগামীকাল থেকে ১১ ই আগস্ট পর্যন্ত এ সংক্রান্ত তথ্য আপডেট করতে পারবেন শিক্ষকরা।

উল্লেখ্য আগামী ৭ ই সেপ্টেম্বর স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম এবং ১৪ ই সেপ্টেম্বর একাদশ-দ্বাদশ শ্রেণীতে শিক্ষক নিয়োগের পরীক্ষা নেবে এসএসসি।

----------------

বাংলাদেশের নৌবাহিনী গতকাল একটি ভারতীয় ট্রলারকে আটক করেছে। এফবি পারমিতা নামের ঐ ট্রলারে মোট ১৪ জন মৎস্যজীবী ছিলেন। গত ৩০ শে জুলাই পাথরপ্রতিমার খেয়াঘাট থেকে মাছ ধরার জন্য ট্রলারটি গভীর সমুদ্রে পাড়ি দিয়েছিল। ইঞ্জিন বিকল হয়ে যাওয়ায় সেটি সমুদ্রে ভাসতে ভাসতে বাংলাদেশের জলসীমায় ঢুকে পড়ে বলে অভিযোগ। ট্রলারটিকে মংলা মৎস্য বন্দরে নিয়ে যাওয়া হয়েছে বলে মৎস্যজীবীদের সংগঠন জানিয়েছে। এখনও পর্যন্ত ৪৮ জন ভারতীয় মৎস্যজীবী বাংলাদেশে আটক রয়েছে বলে জানা গেছে।

----------------

পুরুলিয়ার বিশপুরিয়া সমবায় কৃষি উন্নয়ন সমিতির নির্বাচনে সবকটি আসনেই জয়লাভ করেছে তৃণমূল কংগ্রেস সমর্থিত প্রার্থীরা। বিজেপি, শাসকদলের সন্ত্রাসে মনোনয়ন জমা করতে না পারার অভিযোগ তুলেছে।

এদিকে, পশ্চিম মেদিনীপুরের খড়গপুর গ্রামীন বিধানসভার অর্জুনী অঞ্চলের মুরকুনিয়া সমবায় সমিতির নির্বাচনে বিজেপি সমর্থিত প্রার্থীরা সাতটি আসনে জয় পেয়েছে।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস সমর্থিত প্রার্থীরা দুটি আসনে জয়লাভ করেছেন।

-----------------

সেচের জলের দাবিতে বাঁকুড়ার খাতড়ার কৃষকদের একাংশ গতকাল রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখিয়েছেন। মুকুটমণিপুরের কংসাবতী জলাধার থেকে সেচখালে জল ছাড়ার দাবিতে গতকাল সকাল থেকে বাঁকুড়া-রানিবাঁধ রাজ্য সড়কের উপরে খাতড়ার দেদুয়া মোড়ে পথ অবরোধ করেন তাঁরা। অবরোধের জেরে দীর্ঘ ক্ষণ রাস্তার দু'ধারে আটকে পড়ে যাত্রিবাহী বাস-সহ অন্যান্য যানবাহন।

কৃষকদের অভিযোগ, খাতড়া ব্লকের বিভিন্ন পঞ্চায়েত এলাকার অধিকাংশ উঁচু জমিতে জলের অভাবে এখনও ধান রোয়ার কাজ শুরু করা যায়নি। অবিলম্বে সেচখালে জল ছাড়া না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলন করার হুঁশিয়ারি দিয়েছেন কৃষকেরা।

-----------------

উত্তর কলকাতার নারকেল ডাঙ্গা থানা এলাকায় রাজাবাজার মোড়ে, একটি পোশাকের দোকানে গতরাতে আগুন লাগে। দমকলের পাঁচটি ইঞ্জিন প্রায় দুঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। হতাহতের খবর নেই। তবে দমকল কর্মীদের চেষ্টায় আগুন আশেপাশে ছড়াতে পারেনি।

-----------------

প্রবাদপ্রতীম বেতার সম্প্রচারক, নাট্যকার ও অভিনেতা বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের জন্মদিনে আজ তাঁকে স্মরণ করা হচ্ছে। মহিষাসুরমর্দিনী বেতার অনুষ্ঠানে তাঁর শ্লোক পাঠ এবং ভাষ্য আজও বাঙালীর মহালয়ার সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে আছে। একাধিক নাটক রচনা ও প্রযোজনা করেন তিনি।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের জন্মদিনে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

-----------------

সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় রাজ্যের বিভিন্ন জেলায় ভারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। ভারি থেকে অতি ভারি বৃষ্টি হতে পারে উত্তরবঙ্গের পাঁচ জেলায়। ভারি বৃষ্টির সম্ভাবনা মালদা ও দুই দিনাজপুরে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য্য জানিয়েছেন।

বাইট

-----------------

উত্তর ২৪ পরগণার স্বরূপনগরের সগুনা গ্রাম পঞ্চায়েতের পশ্চিম পোলতা এলাকায় গাঁজা ও আগ্নেয়াস্ত্র সমেত এক তৃণমূল কংগ্রেস নেতাকে পুলিশ গ্রেপ্তার করেছে। শনিবার রাতে বিশ্বনাথ মন্ডল ওরফে বিশু নামে ঐ ব্যক্তিকে পাকড়াও করা হয়। ধৃতের কাছ থেকে উদ্ধার হয়েছে প্রায় ৩০ কিলো গাঁজা, একটি নাইন এমএম পিস্তল ও নয় রাউন্ড গুলি। তাকে গতকাল বসিরহাট মহাকুমা আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

-----------------

ডুরান্ড কাপ ফুটবলে গ্রুপ বি-র লিগ ম্যাচে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, বর্ডার সিকিউরিটি ফোর্স-বিএসএফের বিরূদ্ধে খেলবে। কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা

শুরু হবে সন্ধ্যা সাতটায়। প্রথম ম্যাচে মোহনবাগান, মহামেডান স্পোর্টিংকে ৩-১ গোলে হারিয়েছিল।

অন্যদিকে, ডায়মন্ড হারবার এফ সি, র কাছে বিএসএফ ১ -৮ গোলে পরাজিত হয়েছিল।

---------------- ----------------